

## তৃতীয় অধ্যায়: জীবনের জন্য পানি

প্রশ্ন-১. কোন প্রক্রিয়ায় জলীয় বাষ্প মেঘে পরিণত হয়? [প্রা. শি. স. প. ২০১৬]

উত্তর: ঘনীভবন প্রক্রিয়ায় জলীয় বাষ্প মেঘে পরিণত হয়।

প্রশ্ন-২. পর্যাপ্ত পরিমাণ তাপ সরিয়ে নিলে পানি কীসে পরিণত হয়?

[প্রা. শি. স. প. ২০১৬]

উত্তর: পর্যাপ্ত পরিমাণ তাপ সরিয়ে দিলে পানি কঠিন বরফে পরিণত হয়।

প্রশ্ন-৩. পানি শোধনের দুইটি উপায় লেখ।

[প্রা. শি. স. প. ২০১৫]

উত্তর: পানি শোধনের দুটি উপায় হলো—

i. থিতানো; ii. ফোটানো

প্রশ্ন-৪. আর্সেনিকযুক্ত পানি দীর্ঘদিন যাবৎ পান করলে কোন ধরনের সমস্যা দেখা দিতে পারে?

[প্রা. শি. স. প. ২০১৫]

উত্তর: আর্সেনিকযুক্ত পানি দীর্ঘদিন পান করলে হাতে-পায়ে এক ধরনের ক্ষত বা ঘা তৈরি হয়।

প্রশ্ন-৫. পানি বিশুদ্ধকরণের দুটি রাসায়নিক পদার্থের নাম লেখ।

[প্রা. শি. স. প. ২০১৫]

উত্তর: পানি বিশুদ্ধকরণের দুটি রাসায়নিক পদার্থ হলো—

i. ফিটকিরি। ii. ব্লিচিং পাউডার।

প্রশ্ন-৬. দুটি পানিবাহিত রোগের নাম লেখ।

[প্রা. শি. স. প. ২০১৫]

উত্তর: দুটি পানিবাহিত রোগের নাম হলো— i. কলেরা ii. টাইফয়েড।

প্রশ্ন-৭. জীবাণুমুক্ত নিরাপদ পানির জন্য কত মিনিটের বেশি সময় ধরে পানি ফুটাতে হবে?

[প্রা. শি. স. প. ২০১৬]

উত্তর: ২০ মিনিটের বেশি সময় ধরে ফুটাতে হবে।

প্রশ্ন-৮. পানিচক্র কী?

উত্তর: যে প্রক্রিয়ায় পানি বিভিন্ন অবস্থায় পরিবর্তিত হয়ে ভূপৃষ্ঠ ও বায়ুমণ্ডলের সবত্র ছড়িয়ে পড়ে তাই পানিচক্র।

প্রশ্ন-৯. বাষ্পীভবন কাকে বলে?

[প্রা. শি. স. প. ২০১৬]

উত্তর: কোনো পদার্থ তরল অবস্থা থেকে বায়বীয় অবস্থায় পরিণত হওয়াকে বাষ্পীভবন বলে।

প্রশ্ন-১০. পানি বিশুদ্ধকরণ কী?

[প্রা. শি. স. প. ২০১৬]

উত্তর: মানুষের ব্যবহারের জন্য পানিকে গ্রহণযোগ্য এবং নিরাপদ করার ব্যবস্থা ই হলো পানি বিশুদ্ধকরণ।